

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা  
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৫৫

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯

১৪ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের ০৯.০০ ঘটিকা থেকে ০৯.৪০ ঘটিকা পর্যন্ত অফিস কক্ষে অবস্থান সংক্রান্ত।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৭৭ তারিখ: ১০.০৩.২০২১

(২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৪৮৪ তারিখ: ২৭.০৮.২০১৯

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সূত্রোক্ত (১) ও (২) নম্বর স্মারকের মাধ্যমে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণকে সকাল ৯.০০-৯.৪০ ঘটিকা পর্যন্ত জরুরী পরিস্থিতি ব্যতিরেকে অফিসকক্ষে অবস্থানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছিল। মন্ত্রিপরিষদ বিভাগ হতে মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম নিয়মিত তদারকি করা হয়। মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সাথে যোগাযোগের ক্ষেত্রে অনেক কর্মকর্তাকে সম্প্রতি যথাসময়ে অফিস কক্ষে উপস্থিত পাওয়া যাচ্ছে না। ফলে জনসাধারণ ও অন্যান্য সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের প্রয়োজনীয় সংযোগ স্থাপন অসম্ভব হয়ে পড়ে। এতে সাধারণ নাগরিকগণ যেমন কতিপয় হন, তেমনি সরকারি কাজের গতিও প্রথ হয়।

০২। এমতাবস্থায়, সেবাগ্রহণকারী নাগরিকদের সুবিধা এবং সরকারি কর্মকাণ্ডে গতিশীলতা ও সমন্বয় বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ জনস্বার্থে আবশ্যিকভাবে সকাল ৯.০০ ঘটিকায় অফিসে এসে অত্যাবশ্যকীয় ভাবে ০৯.৪০ ঘটিকা পর্যন্ত অফিসে অবস্থান করে অফিসের কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।



১৪-২-২০২৩

এ এস এম ফেরদৌস

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২২২৩৩৮৯১৯১

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল:

[gfa\\_branch@cabinet.gov.bd](mailto:gfa_branch@cabinet.gov.bd)

বিতরণ:

১) জেলা প্রশাসক (সকল)

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯.৫৫/১(৯)

তারিখ: ১ ফাল্গুন ১৪২৯

১৪ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি:

১) বিভাগীয় কমিশনার (সকল)

২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ



১৪-২-২০২৩

এ এস এম ফেরদৌস

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)